গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্র

করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে, স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন এবং মডার্না, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5) সম্বন্ধে

6 বছর বা তা বেশি বয়সী লোকজনের জন্য

SARS-CoV-2-এর কারণে সৃষ্ট করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে আপনাকে স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5)-এর যেকোনো একটি অফার করা হচ্ছে, যেগুলো এর পর থেকে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট হিসেবে উল্লেখ করা হয়েছে।

গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য এই ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্রটিতে 6 বছর বা তার বেশি বয়সী লোকজনের জন্য ব্যবহার সম্পর্কিত অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিন এবং অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর তথ্যপত্র থাকার পাশাপাশি 12 বছর বা তার বেশি বয়সী লোকজনের ব্যবহারের জন্য FDA-এর লাইসেন্সপ্রাপ্ত ভ্যাকসিন স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) সম্পর্কিত তথ্যও রয়েছে।[1]

FDA-এর অনুমোদিত স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং 12 বছর বা তার বেশি বয়সী লোকজনের ক্ষেত্রে জরুরি ব্যবহারের অনুমতির (EUA) জন্য অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিনগুলো অদলবদল করে ব্যবহার করা যাবে যখন তাদের নির্দেশনাবলী যথাযথভাবে ব্যবহার করা হবে।[2]

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) হলো ModernaTX, Inc. কর্তৃক প্রস্তুতকৃত একটি FDA-অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিন। এটি 18 বছর বা তার বেশি বয়সী লোকজনের ক্ষেত্রে কোভিড-19 প্রতিরোধের জন্য দুই-ডোজের সিরিজ হিসেবে অনুমোদন করা হয়েছে। এটি EUA-এর অধীনে নিম্নলিখিত ক্ষেত্রগুলোর জন্যও অনুমোদন করা হয়েছে:

- **12 বছর থেকে 17 বছর বয়সী ব্যক্তিদেরকে একটি দুই-ডোজের প্রাথমিক সিরিজ দিতে; এবং**
- **12 বছর বা তদূর্ধ্ব বয়সী যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন তাদের জন্য একটি তৃতীয় প্রাথমিক সিরিজ ডোজ দিতে।**

---

[1]আপনার সন্তানের বয়স 5 বছর হলেও আপনি ভ্যাকসিনের তথ্য সম্বলিত এই তথ্যপত্রটি পেতে পারেন। শিশুরা যারা প্রাইমারি সিরিজের ডোজদু'টির মাঝে 5 থেকে 6 বছর বয়সে পৌঁছাবে, তারা (1) 6 মাস থেকে 5 বছর বয়সীদের জন্য অনুমোদিত মডার্না কোভিড -19 ভ্যাকসিন অথবা (2) 6 বছর থেকে 11 বছর বয়সীদের জন্য অনুমোদিত মডার্না কোভিড -19 ভ্যাকসিন পেতে পারে।

প্রাথমিক সিরিজের দুটি ডোজের মধ্যে যেসকল শিশু 11 বছর থেকে 12 বছরে পদার্পণ করে, তারা প্রাথমিক সিরিজের যেকোনো ডোজের জন্য যেকোনো একটি গ্রহণ করতে পারে: (1) 6 থেকে 11 বছর বয়সী শিশুর ব্যবহারের জন্য অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিন; অথবা (2) 12 বছর ও তার বেশি বয়সী শিশুর জন্য অনুমোদিত মডার্না (কোভিড-19 ভ্যাকসিন, mRNA); বা (3) স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)।

[2] FDA-অনুমোদিত স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং EUA-অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিনের একটি ধরন (লাল ছিপি এবং হালকা নীল রঙের প্রান্তের লেবেলযুক্ত বোতলে সরবরাহ করা হয়) নিরাপত্তা বা কার্যকারিতার কোনো উদ্বেগ প্রকাশ না করেই 12 বছর ও তদূর্ধ্ব বয়সী ব্যক্তিদের জন্য প্রাথমিক সিরিজের জন্য একটির পরিবর্তে অন্যটি ব্যবহার করা যাবে।

নিম্নলিখিত উদ্দেশ্যে মডার্না কোভিড-19 ভ্যাকসিন FDA থেকে EUA গ্রহণ করেছে:

- **6 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদেরকে একটি দুই-ডোজের প্রাথমিক সিরিজ দিতে;**
- **6 বছর বা তদূর্ধ্ব বয়সী, যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন, তাদের জন্য তৃতীয় একটি সিরিজ ডোজ;**

নিম্নলিখিত উদ্দেশ্যে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট FDA থেকে EUA গ্রহণ করেছে:

- **6 বছর বা তার বেশি বয়সী লোকজন, যারা কোনো অনুমোদিত মনোভ্যালেন্ট[3] কোভিড-19 ভ্যাকসিন-এর মাধ্যমে একটি প্রাথমিক টিকাগ্রহণ সম্পন্ন করার পরে কমপক্ষে 2 মাস অতিক্রান্ত হয়েছে তাদের জন্য একটি একক বুস্টার ডোজ; বা**
- **6 বছর বা তার বেশি বয়সী লোকজন, যারা কোনো অনুমোদিত মনোভ্যালেন্ট কোভিড-19 ভ্যাকসিন-এর মাধ্যমে সর্বশেষ বুস্টার ডোজ গ্রহণ করার পরে কমপক্ষে 2 মাস অতিক্রান্ত হয়েছে তাদের জন্য একটি একক বুস্টার ডোজ।**

ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত এই তথ্যপত্রটিতে এমন তথ্য থাকবে যার ফলে আপনি স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর ঝুঁকি ও সুবিধাদি বোঝতে সক্ষম হবেন, যেগুলো আপনি বা আপনার শিশু বর্তমানে চলমান কোভিড-19 অতিমারীর কারণে গ্রহণ করতে পারেন। আপনার কোনও প্রশ্ন থাকলে যিনি আপনাকে ভ্যাকসিন দিচ্ছেন তাঁর সঙ্গে কথা বলুন।

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট সকলকে সুরক্ষিত নাও রাখতে পারে।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সর্বশেষ তথ্যপত্রের জন্য, অনুগ্রহ করে www.modernatx.com/covid19vaccine-eua ভিজিট করুন।

আপনি বা আপনার শিশু এই ভ্যাকসিন নেওয়ার আগে আপনার কী কী জানা দরকার

COVID-19 কী?

COVID-19 রোগটি SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ধরনের করোনাভাইরাস আগে দেখা যায়নি। এই ভাইরাসে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। কোভিড-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অনুস্থতাও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলো দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কিভাবে সম্পর্কযুক্ত?

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন একে অপরের পরিবর্তে ব্যবহার করা যাবে।4 মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একইভাবে তৈরি করা হয়েছে[4] মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর প্রস্তুতপ্রণালী

---

[3] মনোভ্যালেন্ট বলতে যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনকে বোঝায়, যাতে শুধুমাত্র মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন থাকে বা এনকোড করা হয়।

[4] FDA-অনুমোদিত স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং EUA-অনুমোদিত মডার্না কোভিড-19 ভ্যাকসিনের একটি প্রতিনিধি (লাল ছিপিযুক্ত শিশি এবং হালকা নীল রঙের প্রান্ত সহ লেবেল) একটির পরিবর্তে অন্যটি ব্যবহার করা যাবে

স্পাইকভ্যাক্স এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন-এর অনুরূপ, কিন্তু এতে একটি অমিক্রনের উপাদানও থাকে, যা SARS-CoV-2-এর অমিক্রন রূপের কারণে সৃষ্ট কোভিড-19 প্রতিরোধ করতে সাহায্য করে।

EUA-র আরও তথ্যের জন্য এই তথ্যপত্রের শেষ অংশে "**ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?**" দেখুন।

আপনি বা আপনার শিশু এই ভ্যাকসিনগুলোর কোনো একটি নেওয়ার পূর্বে আপনাকে আপনার ভ্যাকসিন প্রদানকারীর কাছে কী উল্লেখ করা উচিত?

আপনার ভ্যাকসিন প্রদানকারীকে আপনার বা আপনার শিশুর সকল ধরণের স্বাস্থ্যগত সমস্যা সম্পর্কে বলুন, যার মধ্যে রয়েছে আপনার বা আপনার শিশুর:

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা আছে কি না অথবা রক্ত পাতলা হয় কি না
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না অথবা এমন কোনও ঔষধ ব্যবহার করেন কি না যার প্রভাব আপনার বা আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী কি না অথবা সন্তান ধারণের পরিকল্পনা করছেন কি না
- বুকের দুধ খাওয়ান কি না
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়েছেন কি না
- কখনও কোনও ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছেন কি না

কার স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করা উচিত<u>নয়</u>?

আপনি বা আপনার শিশুর এই ভ্যাকসিনগুলোর কোনোটি নেওয়া উচিত নয়, যদি আপনি বা আপনার শিশুর:

- স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে
- এই ভ্যাকসিনগুলোতে থাকা যেকোনো উপাদানের ক্ষেত্রে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে থাকে

এই ভ্যাকসিনগুলোর উপাদানগুলো কী কী?

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এ নিম্নলিখিত উপাদানগুলো থাকে: মেসেঞ্জার রাইবোনিউক্লিক এসিড (mRNA), লিপিড (SM-102, পলিইথিলিন গ্লাইকল [PEG] 2000 ডাইমিরিস্টোইল গ্লিসারল [DMG], কোলেস্টোরল এবং 1,2-distearoyl-sn-glycero-3-phosphocholine [DSPC]), ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড, এসিটিক এসিড, সোডিয়াম এসিটেট ট্রাইহাইড্রেট এবং সুক্রোজ।

এই ভ্যাকসিনগুলো কিভাবে দেওয়া হয়?

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট মাংসপেশিতে ইনজেকশনের মাধ্যমে আপনাকে বা আপনার শিশুকে দেওয়া হবে।

নিরাপত্তা বা কার্যকারিতা সম্পর্কিত কোনো ধরণের উদ্বেগ দেখা দেয় না এমন 12 বছর বা তার বেশি বয়সী লোকজনের জন্য প্রাথমিক সিরিজের জন্য।

<u>প্রাথমিক সিরিজ:</u> স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন 1 মাস পরে দুই-ডোজের সিরিজ হিসেবে দেওয়া হয়। যেসকল লোকের নির্দিষ্ট ধরনের রোগ প্রতিরোধ সম্পর্কিত জটিলতা রয়েছে তাদের ক্ষেত্রে দ্বিতীয় ডোজ নেওয়ার কমপক্ষে 1 মাস পরে তৃতীয় প্রাথমিক সিরিজের একটি ডোজ দেওয়া হয়।

<u>বুস্টার ডোজ:</u> মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একটি একক বুস্টার ডোজ হিসেবে দেওয়া হয়, নিচের যেকোনো একটি ক্ষেত্রের কমপক্ষে 2 মাস পরে:

- যেকোনো অনুমোদিত মনোভ্যালেন্ট কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে প্রাথমিক টিকা গ্রহণ সম্পন্ন হওয়ার পরে; বা
- যেকোনো অনুমোদিত মনোভ্যালেন্ট কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে সর্বশেষ বুস্টার ডোজ গ্রহণের পর।

এই ভ্যাকসিনগুলো কি পূর্বে ব্যবহার করা হয়েছিল?

18 ডিসেম্বর 2020 তারিখ থেকে, EUA-এর অধীনে 18 বছর ও তার বেশি বয়সী লক্ষ লক্ষ লোক মডার্না COVID-19 ভ্যাকসিন গ্রহণ করেছেন। ক্লিনিক্যাল ট্রায়ালে, 12 বছর ও তার বেশি বয়সী আনুমানিক 30,000 জন লোক, 6 বছর থেকে 11 বছর বয়সী 4,000 জন শিশু এবং 6 মাস থেকে 5 বছর বয়সী 5,000 জন শিশু মডার্না কোভিড-19 ভ্যাকসিনের কমপক্ষে 1টি ডোজ গ্রহণ করেছে।

ক্লিনিক্যাল ট্রায়ালে, 18 বছর বা তার বেশি বয়সী আনুমানিক 400 জন ব্যক্তিকে বাইভ্যালেন্ট ভ্যাকসিনের একটি ডোজ দেওয়া হয়েছে; এই বাইভ্যালেন্টে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট থেকে ভিন্ন একটি অমিক্রনের উপাদান থাকে।

এই ভ্যাকসিনগুলোর সুবিধাদি কী কী?

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন কোভিড-19 প্রতিরোধ করার সক্ষমতা দেখিয়েছে। SARS-CoV-2-এর অমিক্রন রূপের কারণে সৃষ্ট কোভিড-19-এর বিরুদ্ধে আরও সুরক্ষা দিতে মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-কে FDA অনুমোদন দিয়েছে।

কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

এই ভ্যাকসিনগুলোর ঝুঁকিসমূহ কী কী?

এই ভ্যাকসিনগুলোর কারণে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার যৎসামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে এক ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে, ভ্যাকসিন দেওয়ার পর পর্যবেক্ষণ করার সুবিধার্থে, আপনার ও আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারী আপনাকে ও আপনার শিশুকে ভ্যাকসিন দেওয়ার স্থানে থাকার জন্য বলতে পারে। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন গ্রহণকারী কিছু কিছু লোকের মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ) হয়েছে, নারী ও বয়স্ক পুরুষের তুলনায় 40 বছরের কম বয়সী প্রাপ্তবয়স্ক পুরুষদের ক্ষেত্রে অনেক বেশি হয়েছে। এই লোকজনের অনেকের ক্ষেত্রে, ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার কয়েক দিনের মধ্যে উপসর্গগুলো দেখা দেয়। এটি হওয়ার সম্ভাবনা

অনেক কম। ভ্যাকসিন নেওয়ার পর যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি আপনার বা আপনার শিশুর দেখা দেয় তবে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

ক্লিনিক্যাল ট্রায়ালে এই ভ্যাকসিনগুলোর যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- ইনজেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়া: ব্যথা, ক্লান্তি, ইনজেকশন দেওয়ার হাতে লসিকা সন্ধি (লিম্ফ নোড) ফুলে ওঠা, ফুলে শক্ত হয়ে যাওয়া এবং লালচে হওয়া
- সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া: ক্লান্তি, মাথাব্যথা, পেশিতে ব্যথা, গাঁটে ব্যথা, ঠান্ডা লাগা, গা গুলানো ও বমি হওয়া এবং জ্বর ও ফুসকুড়ি হওয়া

অনুমোদন-পরবর্তী ব্যবহারের ক্ষেত্রে যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া

শুধুমাত্র এগুলোই এই ভ্যাকসিনগুলোর পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। এই ভ্যাকসিনগুলোর সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে এখনও গবেষণা চলমান রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?

যদি আপনার বা আপনার শিশুর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার/আপনার শিশুর এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা সমস্যা করে থাকে বা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার বা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC **ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)**-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের প্রথম লাইনের বক্স #18-এ “SPIKEVAX (COVID-19 Vaccine, mRNA)”, বা “Moderna COVID-19 Vaccine, Bivalent EUA”-এর মধ্যে যেকোনো একটি অন্তর্ভুক্ত করুন।

এর সঙ্গে, ModernaTX, Inc ঠিকানায় 1-866-MODERNA (1-866-663-3762) নম্বরে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

আপনাকে **v-safe-এ নাম নথিভুক্ত করার একটি সুযোগও দেওয়া হতে পারে। V-safe** হলো একটি ঐচ্ছিক স্মার্টফোন-ভিত্তিক উপকরণ, যা কোভিড-19 ভ্যাকসিন গ্রহণের পর গ্রহীতার সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানতে টেক্সট মেসেজিং ও ওয়েব সমীক্ষা পরিচালনা করে থাকে। **V-safe**-এর প্রশ্নাবলীর সহায়তায় কোভিড-19-এর সুরক্ষার বিষয়টি CDC পর্যবেক্ষণ করতে পারে। প্রয়োজন পড়লে দ্বিতীয় ডোজ নেওয়ার কথা মনে করিয়ে দেওয়ার কাজও করে **V-safe**। কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার পর গ্রহীতারা যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনও উল্লেখযোগ্য প্রভাবের ব্যাপারে জানান, তাহলে CDC সর্বদা টেলিফোনে খোঁজখবর চালিয়ে যায়। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ে আরও তথ্যের জন্য, www.cdc.gov/vsafe দেখুন।

যদি আমি আমার জন্য বা আমার শিশুর জন্য স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ না করার সিদ্ধান্ত নেই তবে কী হবে?
EUA-এর অধীনে, ভ্যাকসিন নেওয়ার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার একটি সুযোগ রয়েছে। যদি আপনি বা আপনার শিশুর জন্য এই ভ্যাকসিনগুলোর কোনোটি না নেওয়ার সিদ্ধান্ত নেন, তবে এতে আপনার স্ট্যান্ডার্ড চিকিৎসা সেবায় কোনো পরিবর্তন হবে না।

কোভিড-19 প্রতিরোধে স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর পাশাপাশি অন্য কোনো বিকল্প আছে কি?
12 বছর বা তার বেশি বয়সী লোকদের জন্য, COVID-19 থেকে বাঁচার আরেকটি পছন্দ হলো কোমির্ন্যাটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), যা একটি FDA-অনুমোদিত কোভিড-19
ভ্যাকসিন। 6 বছর এবং তার বেশি বয়সী লোকজনের জন্য, কোভিড-19 প্রতিরোধে আর কিছু ভ্যাকসিন EUA-এর অধীনে উপলভ্য হতে পারে, যার মধ্যে বাইভ্যালেন্ট ভ্যাকসিন রয়েছে, যাতে SARS-CoV-2-এর একটি অমিক্রন উপাদান রয়েছে।

আমি বা আমার শিশু কি অন্য ভ্যাকসিনের সাথে স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একই সময় নিতে পারবো?
অন্য ভ্যাকসিনের সাথে একই সাথে স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট প্রদানের তথ্য এখনও FDA-এর কাছে পেশ করা হয়নি। যদি আপনি নিজের জন্য বা আপনার শিশুর জন্য অন্য ভ্যাকসিনের সাথে স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নেওয়ার বিষয়ে চিন্তাভাবনা করেন, তবে আপনার বা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

যদি আমি বা আমার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা থাকে তবে কী হবে?
যদি আপনার বা আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় কোনো সমস্যা থেকে থাকে, তবে আপনি বা আপনার শিশু মডার্না কোভিড-19 ভ্যাকসিন বা স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)-এর একটি তৃতীয় প্রাথমিক সিরিজের ডোজ নিতে পারেন।
6 বছর এবং তদূর্ধ্ব বয়সী লোকজন মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর একটি বুস্টার ডোজ নিতে পারেন। রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন লোকজনকে গৃহীত ভ্যাকসিন কোভিড-19 থেকে পূর্ণ সুরক্ষা নাও দিতে পারে; তাই কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে আপনাকে বা আপনার শিশুকে শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। আপনার ঘনিষ্ঠ পরিচিতদের যথাযথভাবে টিকা নিয়ে নেওয়া উচিত।

গর্ভাবস্থা বা বুকের দুধ খাওয়ানোর ব্যাপারে কী হবে?
যদি আপনি বা আপনার শিশু সন্তানসম্ভবা হন/হয় বা স্তন্যপান করান/করায়, তবে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সঙ্গে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

এই ভ্যাকসিনগুলোর কারণে কি আমার বা আমার শিশুর কোভিড-19 হবে?
না। এই ভ্যাকসিনগুলোতে SARS-CoV-2 থাকে না এবং আপনার বা আপনার শিশুর কোভিড-19 সৃষ্টি করতে পারে না।

ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন
যখন আপনি বা আপনার শিশু প্রথম কোভিড-19 ভ্যাকসিন পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন। আবার আসার সময় কার্ডটি আনতে ভুলবেন না।

অতিরিক্ত তথ্য
আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন করুন। অতি সাম্প্রতিক

তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

মডার্না কোভিড-19 ভ্যাকসিন ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.modernatx.com/covid19vaccine-eua	1-866-MODERNA (1-866-663-3762)

আমি কিভাবে আরও জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন
- আপনার স্টেট বা স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করুন

ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?
ভ্যাকসিন সরবরাহকারী আপনার স্টেট/স্থানীয় আইনী অধিক্ষেত্রের টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনার বা আপনার শিশুর ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। আপনি বা আপনার শিশু দ্বিতীয় ডোজ নেওয়ার সময় আসার পর প্রাথমিক সিরিজে প্রদত্ত একই ভ্যাকসিন পাওয়ার বিষয়টি এটি নিশ্চিত করবে। IISs সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ভিজিট করুন।

কোভিড-19-এর এই ভ্যাকসিনগুলো পেতে আমার উপর কি ভ্যাকসিন প্রদান ফি আরোপ করা হবে?
না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, বিমা-বিহীন গ্রহীতাদের জন্য HRSA কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম)।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?
CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে সচেতন ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, আমেরিকা যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগে 1-800-HHS-TIPS অথবা https://TIPS.HHS.GOV ঠিকানার দফতরে জানাতে উৎসাহিত করা হয়।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?
কাউন্টারমেজার্স ইনজুরি কম্পেনসেশন প্রোগ্রাম (CICP) হলো একটি ফেডারেল কর্মসূচী, যা এই ভ্যাকসিনগুলো সহ কিছু নির্দিষ্ট ঔষধপত্র বা ভ্যাকসিনের ফলে গুরুতরভাবে আহত হওয়া লোকজনের চিকিৎসা সেবা ও অন্যান্য সুনির্দিষ্ট ব্যয় নির্বাহের জন্য ব্যয় পরিশোধে সাহায্য করতে পারে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-কে একটি দাবি জমা দিতে হবে। এই

প্রোগ্রাম সম্পর্কে জানতে www.hrsa.gov/cicp/ ভিজিট করুন অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?

EUA হলো বর্তমান কোভিড-19 অতিমারী প্রাদুর্ভাবের মতো গণ স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে ভ্যাকসিনের মতো চিকিৎসা পণ্যের উপলভ্যতা ও ব্যবহার সহজ করার একটি প্রক্রিয়া। EUA ব্যবস্থা স্বাস্থ্য ও মানবাধিকার পরিষেবার (HHS) সচিবের একটি ঘোষণার দ্বারা সমর্থিত। এই ঘোষণায় বলা হয়েছে, COVID-19 অতিমারী চলাকালীন সময়ে ওষুধ এবং জৈবিক পণ্যগুলির জরুরি ব্যবহারকে ন্যায়সঙ্গত করার জন্য পরিস্থিতি বিদ্যমান। জরুরি ব্যবস্থার জন্য অনুমোদিত পণ্য FDA দ্বারা পর্যালোচনা করা একটি FDA অনুমোদিত পণ্যের মত পর্যালোচনা পায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারী চলাকালীন পণ্যটি ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য এই সবগুলো মানদণ্ড পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

Moderna US, Inc.
Cambridge, MA 02139

©2022 ModernaTX, Inc. সর্বস্বত্ব সংরক্ষিত।
প্যাটেন্ট: www.modernatx.com/patents
পরিমার্জিত: Oct/12/2022

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000349